

ভালো-মন্দ যাই হোক, ফেসবুক বর্তমানে আমাদের অনেকেরই প্রাত্যহিক জীবনের অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে। আমরা ফেসবুকের ওপর আস্থা রেখে পরিবার, বন্ধুসহ অন্যদের সাথে যোগাযোগ রক্ষা করে সময়ের সাথে সমানতালে চলছি, বর্তমান নিউজের সাথে সবসময় আপডেট থাকতে পারছি। শুধু তাই নয়, ফেসবুকে সবসময় আচ্ছন্ন থেকে আমাদের ব্যস্ত ও কর্মময় জীবনের মূল্যবান কর্মঘণ্টা নষ্ট করছি।

এ কথা সত্য, ফেসবুক আমাদের প্রাত্যহিক জীবনের একটি অংশ হওয়া সত্ত্বেও এমন কিছু সহায়ক টিপ ও শর্টকাট রয়েছে, যেগুলো আমাদের এখনও অজানা। অথচ এসব সহায়ক টিপ ও শর্টকাট বিশেষ বৃহত্তম সামাজিক নেটওয়ার্ক জীবনকে আরও সহজতর ও দক্ষ করে তুলতে পারে। এ লেখায় কিছু সহায়ক টিপ ও শর্টকাট তুলে ধরা হয়েছে, যা প্রত্যেক ফেসবুক ব্যবহারকারীর জন্য থাকা উচিত।

### ০১. আপনার ব্যবহার করা অ্যাপস কে দেখছে তা নিয়ন্ত্রণ করা



যদি আপনি স্পুটিফাই (Spotify) অথবা ক্যান্ডি ক্রাশের (Candy Crush) মতো অ্যাপসহ ফেসবুকে লগ করেন, আপনার বন্ধুরা হয়তো তাদের নিউজ ফিডসে আপনার অ্যাপের অ্যাক্টিভিটি দেখে আসতে থাকবে। আপনি ইচ্ছে করলে সবাইকে সমর্থন করতে পারেন এবং বন্ধুদের কাছ থেকে সব অ্যাক্টিভিটি হাইড করতে পারেন। এ জন্য নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন :

\* আপনার ডেস্কটপ ওয়েব ব্রাউজারে ফেসবুকে অ্যাক্সেস করুন।

\* স্ক্রিনের বাম দিকে Apps এর ওপর মাউস পেয়েন্টার নিয়ে গিয়ে More এ ক্লিক করুন চিত্র-১।

\* Settings সিলেক্ট করলে আপনি সব অ্যাপের একটি লিস্ট দেখতে পারবেন, যা ফেসবুক অ্যাকাউন্টে লগ করা হয়েছে।

\* একটি অ্যাপ হাইড করার জন্য এর উপর মাউস মুভ করে pencil আইকনে ক্লিক করুন।

\* এবার App Visibility-র পাশে ড্রপ ডাউন বক্সে ক্লিক করুন এবং একে Friends থেকে পরিবর্তন করে Only Me করুন।

### ০২. বিরক্তিকর গেম নোটিফিকেশন বন্ধ করা

ফেসবুক ফ্রেন্ডস থেকে আমরা সবাই আমাদের স্মার্টফোনে নোটিফিকেশন পাই, যেখানে আহবান করা হয় Pirate Kings বা এ ধরনের সময় অপচয়কারী গেম খেলার জন্য। এসব বিরক্তিকর নোটিফিকেশন নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ

করে বন্ধ করতে পারবেন :

\* যদি আপনি অ্যান্ড্রয়ড ফেসবুক অ্যাপ ব্যবহার করেন, তাহলে স্ক্রিনে ওপরে ডান প্রান্তের Settings মেনু ওপেন করার জন্য More আইকনে (তিনটি হরাইজন্টাল লাইনবিশিষ্ট) আইকনে ট্যাব করুন। এবার আইফোনে নিচের ডান প্রান্তের More :



চিত্র-২

স্মাইডারকে Application Requests থেকে Off পজিশনে নিয়ে আসুন। যদি আপনি আইফোন

\* অ্যান্ড্রয়ড অ্যাপে স্ক্রল ডাউন করুন এবং App Settings সিলেক্ট করুন। আইফোনে Settings এ স্ক্রল ডাউন করুন এবং Account Settings সিলেক্ট করুন।

\* ট্যাপ নোটিফিকেশন। অ্যান্ড্রয়ড

কালেক্ট করা হয়েছিল। যদি আপনি অ্যাপকে ডিলিট করতে চান, তাহলে ডেভেলপারদের সাথে যোগাযোগ হবে।

### ০৪. টুইটার থেকে ফেসবুকে পোস্ট করা

কখনো কখনো কি টুইটার এবং ফেসবুক উভয়ে কোনো কিছু পোস্ট করতে চান, তবে উভয় অ্যাপে একই জিনিস আবার টাইপ করতে চান না। এ কাজটি করতে চাইলে নিচে বর্ণিত



চিত্র-৩

## বিশেষ কিছু কাজ ফেসবুকে

### যেভাবে করবেন

ডা: মোহাম্মদ সিয়াম মোয়াজ্জেম

ব্যবহারকারী হন, তাহলে Notifications-এ ট্যাব করুন। এরপর Mobile সিলেক্ট করে Application Requests এবং Application Notifications-এর পাশের বক্স আনচেক করুন। এরফলে আপনি আর কখনই বিরক্তিকর গেমের জন্য রিকোয়েস্ট পাবেন না।

### ০৩. ফেসবুক অ্যাকাউন্ট থেকে অ্যাপ ডিসকানেক্ট করা

এমনকি আপনি যদি বিশেষ কোনো কানেক্টেড অ্যাপ আর কখনও ব্যবহার না করেন, তাহলেও তা আপনার ফেসবুক অ্যাকাউন্ট থেকে তথ্য কালেক্ট করতে পারবে। আপনি কি এটি বন্ধ করতে চান? তাহলে নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন :

\* আপনার ডেস্কটপে আপনার ফেসবুক অ্যাকাউন্টে লগইন করুন। এবার স্ক্রিনের বাম পাশে মাউসকে Apps-এর ওপর নিয়ে গিয়ে More এ ক্লিক করুন।

\* আপনার ফেসবুক অ্যাকাউন্টে কোন কোন অ্যাপ কানেক্টেড আছে তা দেখার জন্য স্ক্রিনের উপরে Settings -এ ক্লিক করুন।

\* ওই লিস্টের একটি অ্যাপ ডিসকানেক্ট করতে চাইলে আবির্ভূত হওয়া স্ক্রিনে X বাটনে ক্লিক করুন।

\* এবার একটি ডায়ালগ বক্স আসবে যেখানে অ্যাপ অপসারণ করার জন্য প্রস্টট করবে। এবার Remove এ ক্লিক করলে আপনার কাজ শেষ হবে।

অ্যাপ ডিসকানেক্ট করা হলে এটি আপনার অ্যাকাউন্ট থেকে নতুন তথ্য রিসিভ করা বন্ধ করবে। এরপরও এতে তথ্য থাকবে যা আগেই

ধাপগুলো সম্পন্ন করতে হবে :

\* আপনার ডেস্কটপে আপনার টুইটার অ্যাকাউন্টে লগইন করুন। এবার স্ক্রিনের উপরে ডান প্রান্তে profile image-এ ক্লিক করে Settings সিলেক্ট করুন।

\* এবার স্ক্রল ডাউন করে স্ক্রিনের বাম পাশে Apps-এ ক্লিক করুন।

\* পরবর্তী স্ক্রিনে Connect to Facebook-এ ক্লিক করুন।

\* এর ফলে আপনার ফেসবুক লগইন তথ্য এন্টার করার জন্য আরেকটি নতুন উইন্ডো আসবে। এটি এন্টার করে Ok-তে ক্লিক করুন।

\* এবার কারা কারা আপনার পোস্ট দেখতে পারবে, তা বেছে নিয়ে Ok করুন। এর ফলে আপনার সব টুইট স্বয়ংক্রিয়ভাবে আপনার ফেসবুকেও পোস্ট হবে।

### ০৫. আপনার বন্ধুর পোস্ট করা ছবি ডাউনলোড করা

অনেকের মত আপনার ফেসবুক অ্যাকাউন্টও শুধু আপলোড করা ফটোর হোম নয় বরং বছর বছর ধরে আপনার এবং আপনার বন্ধুদের পোস্ট করা ছবির হোমও বটে। এগুলো ডাউনলোড করতে পারবেন।

\* আপনার ডেস্কটপে ফেসবুকে নেভিগেট করুন এবং কাজিফত ছবি খুঁজে বের করে ডাউনলোড করুন।

\* ফটো ওপেন করে স্ক্রিনের নিচের ডান দিকে Options বাটনে ক্লিক করুন।

\* এবার পপ-আপ মেনু থেকে Download সিলেক্ট করুন এবং আপনি কোথায় এটি সেভ করতে চান তা বেছে নিন।

ফিডব্যাক : [siam.moazzem@gmail.com](mailto:siam.moazzem@gmail.com)